বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং ৪৭.৬২.৭২৭৪.০০০.০৬.০৭১.১৯.১৬৭ | তারিখ: ৫/০৫/২০২২ খ্রি:

## সভার নোটিশ

আগামী ১০/০৫/২০২২ খ্রি: তারিখ বেলা ১২.০০ ঘটিকায় নেত্রকোণা সদর উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা মহোদয়ের সভাপতিত্বে তাঁর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় উপস্থিত থাকার জন্য কমিটির সকল সম্মানীত সদস্যবৃন্দকে অনুরোধ করা হলো।

আলোচ্যসূচী:

০১। বিগত সভার কাযবিবরনী পাঠ ও দৃঢ়করণ।
০২। উপজেলা পরিষদে অনুমোদনের নিমিত্তে প্রকল্প নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্তগ্রহণ।
০৩। বিবিধ।

(মুহাম্মদ রাশিদুল ইসলাম)
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য-সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

প্রাপক:

......................

নেত্রকোণা সদর, নেত্রকোণা।

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। ভাইস চেয়ারম্যান ও সভাপতি, পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি ,উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৪। অফিস কপি।

CamScanner

**নেত্রকোণা সদর উপজেলা পরিষদের পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী**

অধিবেশন নং- ০৬/২০২১-২০২২

সভার স্থান: সভাপতি মহোদয়ের কার্যালয়, নেত্রকোণা সদর উপজেলা পরিষদ, নেত্রকোণা।

তারিখ: ১০/০৫/২০২২ খ্রি:

সময়: বেলা ১২.০০ ঘটিকা

সভায় উপস্থিত সম্মানীত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর

| ক্র: নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | জনাব তুহিন আক্তার | ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সভাপতি | |
| ০২ | জনাব মো: আ: রশিদ | চেয়ারম্যান, রৌহা ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৩ | জনাব সৈয়দ মাহবুব উল মজিদ | চেয়ারম্যান, চল্লিশা ইউনিয়ন পরিষদ নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৪ | জনাব আনোয়ার হোসেন | উপজেলা সমবায় কর্মকর্তা নেত্রকোণা সদর, নেত্রকোণা। | সদস্য | |
| ০৫ | জনাব মো: আনোয়ার হোসেন | জেলা মাঠ সমন্বয়কারী, পিইপি-এনআইডিপি, নেত্রকোণা। | সদস্য | |
| ০৬ | জনাব মোঃ আঃ রহিম | মুক্তিযোদ্ধা বিষয়ক সম্পাদক, জেলা আওয়ামীলীগ, নেত্রকোণা | সদস্য | |

অদ্যকার সভার সভাপতি জনাব তুহিন আক্তার, ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা এর সভাপতিত্বে সভার কাজ শুরু করা হয়। শুরুতে সভাপতি সাহেব উপস্থিত সকল সম্মানীত সদস্যবৃন্দকে আন্তরিক শুভেচ্ছা ও অভিনন্দন জ্ঞাপন করেন এবং দিনের আলোচ্যসূচী মোতাবেক সভার কাযর্ক্রম পরিচালনার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জনাব মুহাম্মদ রাশিদুল ইসলাম সাহেবকে অনুরোধ জ্ঞাপন করেন।

আলোচ্যসূচী-১: বিগত সভার কার্য্যবিবরণী পাঠ ও অনুমোদন।

সভায় ইউআরডিও সাহেব সভার কার্যবিবরী পাঠ করে শুনান । এই নিয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনান্তে তা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত ও অনুমোদিত হয়।

আলোচ্য সূচীঃ-২ উপজেলা পরিষদে অনুমোদনের জন্য প্রকল্প নির্বাচন বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহন।

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সবাইকে অবহিত করেন যে দেশের অর্থনৈতিক উন্নয়ন নিশ্চিত করার জন্য দেশের উন্নয়নের ইউনিট হিসেবে গ্রামপর্যায়ে উন্নয়নকে নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা গ্রামকে শহরে রূপান্তর করার পরিকল্পনা গ্রহণ করার জন্য নির্দেশনা প্রদান করেছেন এবং সে মতে বিভিন্ন ধরনের প্রকল্প ও বিভিন্ন বিভাগের মাধ্যমে এই ধরণের কর্মকান্ড পরিচালিত হচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত ২০৪১ সালের মধ্যে একটি সুখী সমৃদ্ধ দেশ উন্নত দেশ হিসেবে নিজেদেরকে আত্মপ্রকাশ করতে গেলে গ্রামপর্যায়ে উন্নয়ন অত্যন্ত জরুরী এবং

CamScanner

সেটি অবশ্য একটি টেকসই উন্নয়ন হতে হবে। সরকারের লক্ষ্য এবং উদ্দেশ্য বাস্তবায়ন এবং গ্রামের উন্নয়নের একটি টেকসই উন্নয়নের রূপান্তর করতে হলে গ্রামগুলোকে সমন্বিত উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা প্রয়োজন। প্রতিটি গ্রামকে একেকটা উন্নয়নের ইউনিট হিসেবে ধরলে ওই গ্রামের কোন কোন খাত এখনো অনুন্নত অবস্থায় রয়েছে তা নিরূপণ করা অত্যন্ত জরুরি। এই কাজটি যদি আমরা করতে পারি তাহলে একটা গ্রামের সম্ভাবনাগুলো যেমন চিহ্নিত করা সম্ভব একইভাবে সমস্যা গুলোকেও চিহ্নিত করা যাবে। সেই গ্রামের সেসব ডিপার্টমেন্টের কোন ধরনের কার্যক্রম জোরালোভাবে গ্রহণ করা প্রয়োজন তা আমরা নিরূপণ করতে পারব বলে প্রতিটি গ্রামে একটি টেকসই ও সমন্বিত উন্নয়ন সম্ভব হবে যা ওই গ্রামের মানুষের আর্থসামাজিক অবস্থার উন্নতির সাথে সাথে তাদের জীবনযাত্রার মানকে আরও উন্নত করবে। সেই লক্ষ্যে গ্রাম পর্যায়ে একটি সমন্বিত জরিপ কার্যক্রম পরিচালনা করা যেতে পারে। বিস্তৃত তথ্য গুলো যদি আমরা গ্রাম থেকে কালেক্ট করতে পারি তাহলে ওই গ্রামের একটা সমন্বিত উন্নয়নের পথে কি কি বাধা রয়েছে কোথায় কোথায় আরো কাজ করার করতে হবে সেটি সুনিদির্ষ্ট হবে এবং সেই লক্ষ্যে আমরা এগিয়ে যেতে পারবো। এক্ষেত্রে প্রতিটি গ্রামে এই জরিপ কার্যক্রম পরিচালনা করার পূর্বে একটি গ্রামকে পাইলট হিসেবে গ্রহণ করা যেতে পারে মর্মে ইউআরডিও মতামত ব্যক্ত করেন, তিনি আরও জানান পাইলট প্রকল্পটি যদি সফল হয় সে ক্ষেত্রে এটি সমগ্র এলাকায় ছড়িয়ে যাওয়া যেতে পারে। এতে প্রকৃতপক্ষেই এলাকার উন্নয়নের একটি উন্নয়নের ম্যাপ/মানচিত্র তৈরি করা সম্ভব হবে। এই নিয়ে বিস্তারিত আলোচনা হয়, আলোচনায় অংশ নিয়ে সদস্যরা জানান যে অবশ্যই এটি গুরুত্বপূর্ণ বিষয় । আলোচনান্তে একটি সম্ভাব্য কর্মপরিকল্পনা প্রণয়ন করার জন্য সভার পক্ষ থেকে উপজেলা পরিষদে উপস্থাপন এবং বাস্তবায়নে সকলকে সহযোগীতা প্রদান করার জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসুচী-৩: বিবিধ।

বিবিধতে কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১০/০৫/২২

তুহিন আক্তার
সভাপতি
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি ও
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা

স্মারক নং ৪৭.৬২.৭২৭৪.০০০.০৬.০১২.১৯.১৭৬/১ তারিখ: ১০/০৫/২০২২ খ্রি:

অনুলিপি (সদয় অবগতির জন্য):

০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৪। চেয়ারম্যান, ...................... ইউনিয়ন পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
০৫। জনাব............................................... নেত্রকোণা।
০৬। অফিস কপি।

১০/৫/২২

মুহাম্মদ রাশিদুল ইসলাম
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা ও
সদস্য- সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় সংক্রান্ত স্থায়ী কমিটি
উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

CamScanner